# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-08-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১/ যথাযোগ্য মর্যাদায় আজ দেশজুড়ে ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করে জাতির উদ্দেশে ভাষনে দেশকে এগিয়ে নিয়ে যেতে সামর্থ্য ও শক্তির সপ্তধারার কথা ঘোষনা করেছেন।

২/ চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় পশ্চিমবঙ্গের সর্বত্র আজ ৮০-তম স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হচ্ছে।

# ঋষি অরবিন্দের জন্মদিনটিও যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে।

৩/ ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA UGC-NET, সহ ২০২৬-এর বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার সাময়িক উত্তরপত্র আগামীকাল প্রকাশ করা হবে বলে ঘোষণা করেছে।

৪/ ইন্দোনেশিয়ার ফ্লোরেস অঞ্চলে আজ ভোরে ৭ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পে কমপক্ষে ২০ জন নিহত হয়েছেন।

৫/ শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম টেস্টে গলে ভারত ১ উইকেটে ১০১ রান করেছে।

# বৃষ্টির জন্য খেলা আপাতত বন্ধ রয়েছে।

oooooooooooooooooooooo

যথাযোগ্য মর্যাদায় আজ দেশজুড়ে ৮০ তম স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লির লালকেল্লায় মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন। এর আগে তিনি রাজঘাটে মহাত্মা গান্ধীর স্মৃতি শৌধে পুষ্পার্ঘ্য অর্পন

করেন। লালকেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষনে প্রধানমন্ত্রী ২০৪৭ সালে বিকশিত ভারত গড়ার লক্ষ্যে শক্তির সপ্তধারার আহ্বান জানান। এছাড়া তিনি নতুন সংস্কার ও নতুন সঙ্কল্প গ্রহণেরও কথা বলেন।

(বাইট- মোদী- সপ্তধারা)

ভারত তার আত্মশক্তিতে কোভিড অতিমারী, ইউক্রেন সংকট এবং পশ্চিম এশিয়ার সংঘাত জনিত সমস্যা সাফল্যের সঙ্গে কাটিয়ে উঠতে পেরেছে। এই সব সংকটকালে ভ্যাকসিন, জ্বালানি, সার, প্রভৃতি বিষয়ে গুজব ছড়িয়ে দেশের মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা হয়েছিল। কিন্তু, ভারতের নিজস্ব নীতিতে এই সংকট কাটিয়ে ওঠা সম্ভব হয়েছে।

শ্রী মোদী, আগামী ৫-৭ বছরে দেশের কারখানা জাত উৎপাদনকে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতার উপযোগী করে তোলার আহ্বান জানান। গ্লোবাল সাপ্লাই চেইন বা বিশ্ব বাণিজ্য সরবরাহ শৃঙ্খলের মধ্যে দেশকে গুরুত্বপূর্ণ স্থান গ্রহণ করতে হবে। প্রধানমন্ত্রী খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের বিকাশ এবং কৃষিজাত পণ্যের বাজারের প্রসারের লক্ষ্যে, রাসায়নিক সার ব্যবহার কম করা এবং উন্নতমানের পণ্য উৎপাদনের গুরুত্বের কথা বিশেষভাবে উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী প্রযুক্তির উদ্ভাবনের ওপর জোর দিয়ে বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল প্রযুক্তি, ডেটা সেন্টার তৈরী ও যোগাযোগ ব্যবস্থা আরো মসৃণ করার লক্ষ্যে নতুন নতুন প্রযুক্তি প্রয়োজন।

প্রধানমন্ত্রী গতিশক্তি বৃদ্ধির ওপর বিশেষ জোর দিয়ে বলেন, যোগাযোগ ব্যবস্থা সুগম করার ও পরিবহণ পরিকাঠামোকে সুদৃঢ় করার জন্য নানা উল্লেখযোগ্য প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে দ্রুতগতির ট্রেন, বিমানবন্দরের সংখ্যা বৃদ্ধি, মাল্টিমোডাল লজিস্টিক হাব তৈরী ইত্যাদি।

(বাইট- মোদী ডিফেন্স)

প্রধানমন্ত্রী দেশের প্রতিরক্ষাক্ষেত্রের বিকাশের ওপর জোর দেন। তিনি প্রতিরক্ষা উৎপাদনের আন্তর্জাতিক বাজারে ভারতের গুরুত্বপূর্ণ স্থান নেওয়ার কথা মনে করিয়ে দেন। প্রতিরক্ষাক্ষেত্রে আত্মনির্ভরতা দেশের সুরক্ষা ব্যবস্থাকে জোরদার করেছে। প্রধানমন্ত্রী আজ লালকেল্লার ভাষন থেকে কৃষি ও সামুদ্রিক অর্থনীতির প্রতি ভারতের দায়বদ্ধতার কথা উল্লেখ করেন। বিশ্ব উষ্ণায়নের প্রেক্ষিতে পরিবেশবান্ধব শক্তি উৎপাদন দেশের অন্যতম লক্ষ্য বলে তিনি মন্তব্য করেন। এর পাশাপাশি সামূদ্রিক উৎসজনিত অর্থনৈতিক বিস্তারের কথাও প্রধানমন্ত্রীর ভাষনে উঠে আসে। দেশের দীর্ঘ সামূদ্রিক তটরেখাকে কেন্দ্র করে অর্থনৈতিক বিস্তার ঘটানোর লক্ষ্য তিনি বিশেষ করে সমূদ্রমন্থন প্রকল্পের কথা স্মরণ করিয়ে দেন।

শ্রী মোদী বলেন, বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে তিনি আত্মবিশ্বাসের ওপর জোর দেন। এ প্রসঙ্গে তিনি মেক ইন ইন্ডিয়া, স্বদেশী, ভোকাল ফর লোকাল সহ একাধিক উদ্যোগের কথা উল্লেখ করেন।

গত ১২ বছরে দেশের সেমিকন্ডাক্টর ও ক্রিটিকাল মিনারেল ক্ষেত্রে ব্যপক উন্নতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, নতুন প্রযুক্তির বাজারে অংশগ্রহনের জন্য ভারত অনেকটাই অগ্রসর হয়েছে।

২০১৪ সাল থেকে শুরু করে গত ১২ বছরে দেশের বিশেষ সাফল্যের মানচিত্র তুলে ধরে শ্রী মোদী আজ কয়েকটি ক্ষেত্রকে চিহ্নিত করেছেন। তিনি বলেন, আগের সরকারগুলি সমূদ্র তটের ৯৯ শতাংশ এলাকাকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছিল। বর্তমান সরকার এই সামূদ্রিক অঞ্চলে বিভিন্ন ধরণের কর্মকাণ্ড শুরু করার উদ্যোগ নিয়েছে। বিকল্প শক্তির ব্যবহার প্রসঙ্গে প্রধানমন্ত্রী আজ পাইপ্লাইন বাহিত গ্যাস পরিষেবা ও পি এম সূর্য ঘর প্রকল্পের অগ্রগতির কথা উল্লেখ করেছেন।

প্রধানমন্ত্রী বলেছেন, ১৯২৫ সালে রেলওয়ে ট্র্যাকের বৈদ্যুতীকরণ শুরু হলেও ৯০ বছরে ত্‌র বিস্তার মাত্র ৩০ শতাংশে পৌঁছেছিল। গত এক দশকে তা বেড়ে ৭০ শতাংশ করা সম্ভব হয়েছে।

সেই সঙ্গে পারমাণবিক শক্তি ক্ষেত্রে দেশের উল্লেখযোগ্য অগ্রগতির কথা তুলে ধরে প্রধানমন্ত্রী জানান, ২০৪৭ সালের মধ্যে ১শো গিগা ওয়াট পারমাণবিক শক্তি উৎপাদনের লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে।

(বাইট- নিউক্লিয়ার)

ভাষনের শুরুতেই প্রধানমন্ত্রী মনে করিয়ে দেন স্বাধীনতার পর এই প্রথমবার এই অনুষ্ঠানে জাতীয় স্তোত্র বন্দেমাতরম পরিবেশন করা হচ্ছে। তিনি বলেন, দেশের বিভিন্ন এলাকা বন্যা, ভূমিধ্বস ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত। তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পাশে দাঁড়ানোর দৃঢ় সঙ্কল্পের কথা পুনর্ব্যক্ত করেছেন।

জাতীয় পতাকা উত্তোলনের সঙ্গেই দেওয়া হয় ২১ বার তোপধ্বনি। এরপরই ভারতীয় বিমান বাহিনীর দুটি এমআই-১৭ হেলিকপ্টার থেকে অনুষ্ঠানস্থলে পুষ্পবৃষ্টি করা হয়।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বাধীনতা দিবসে দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, ঔপনিবেশিক শাসনের অবসান নিশ্চিত করতে যে অগণিত স্বাধীনতা সংগ্রামী সাহস, আত্মত্যাগ ও অটুট নিষ্ঠার পরিচয় দিয়েছেন, তাদেরকে সবাই কৃতজ্ঞতার সঙ্গে শ্রদ্ধা জানায়। প্রধানমন্ত্রী আরো বলেন, ১৪০ কোটি ভারতবাসীর শক্তিতে দেশের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নের নতুন উচ্চতা স্পর্শ করছে। আগামী দিনে এই যাত্রা আরও দ্রুত গতিতে এগিয়ে চলার কামনা করেন তিনি।

oooooooooooooooooooooo

স্বাধীনতা দিবসে রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু আজ যুদ্ধ স্মারকে দেশের জন্য লড়াই করে প্রাণ বিসর্জন দেওয়া বীর যোদ্ধাদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। তিনি, সেখানে পুষ্পস্তবক দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, চিফ অব ডিফেন্স স্টাফ জেনারেল এন এস রাজা সুব্রামনি, সেনাপ্রধান জেনারেল ধিরাজ শেঠ, নৌসেনা প্রধান Admiral Krishna Swaminathan, বায়ু সেনা প্রধান Air Force Chief Air Chief Marshal Amar Preet Singhও যুদ্ধ স্মারকে শহীদ দের প্রতি শ্রদ্ধা জানান।

ooooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় পশ্চিমবঙ্গের সর্বত্র আজ ৮০-তম স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে মূল অনুষ্ঠানে কলকাতার রেড রোডে জাতীয় পতাকা উত্তোলন করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। গার্ড অব অনার দেওয়ার পর, তিনি কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠান শুরুর আগে তিনি নেতাজীর মূর্তিতে পুষ্পার্ঘ্য প্রদান করে শ্রদ্ধা জানান।

রাজ্য সরকারের বিভিন্ন সুসজ্জিত ট্যাবলোর মাধ্যমে শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫-তম জন্ম বার্ষিকী, কেন্দ্রের ভিবিজি-রাম-জী, প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনা, রাজ্য সরকারের অন্নপূর্ণা যোজনা সহ নারী ক্ষমতায়নের একাধিক কর্মসূচী তুলে ধরা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে শিল্পীরা নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে স্বাধীনতা দিবসের অভিনন্দন জানিয়ে বলেন, বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার মাধ্যমেই ২০৪৭-এ বিকশিত ভারতের স্বপ্ন পূরণ হবে।

(বাইট- মুখ্যমন্ত্রী/ বিকশিত পশ্চিমবঙ্গ)

সরকারি স্তরের পাশাপাশি বেসরকারি সংস্থা, স্কুল,কলেজ সহ শিক্ষা প্রতিষ্ঠান ও বিভিন্ন সংগঠনেও আজ জাতীয় পতাকা উত্তোলন এর মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপন করা হচ্ছে। আকাশবাণী ভবনেও আজ ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উত্তোলন করেন কমার্শিয়াল ব্রডকাস্টিং সার্ভিসের অনুষ্ঠান বিভাগের প্রধান সুপ্রভ বন্দ্যোপাধ্যায় ।

oooooooooooooooooo

ঋষি অরবিন্দের ১৫৪-তম জন্মদিন আজ । ঋষি অরবিন্দের পৈতৃক নিবাস কোন্নগরের অরবিন্দ আশ্রমে ঋষি অরবিন্দের জন্মদিনে তাঁর স্মৃতিফলকে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। ঋষি অরবিন্দ স্মৃতিবিজড়িত স্থান চন্দননগরের প্রবর্তক সঙ্ঘেও মর্জাদার সঙ্গে তাঁর জন্মদিন পালিত হয়। প্রবর্তক সঙ্ঘ ছিল অগ্নিজুগের বিপ্লবদের মিলনক্ষেত্র নেতাজি সুভাষচন্দ্র, ঋষি অরবিন্দ সহ বহু বিপ্লবীর স্মৃতি বয়ে নিয়ে চলেছে।

oooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় পশ্চিমবঙ্গেও আজ ৮০-তম স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হচ্ছে। রাজ্যপাল রবীন্দ্র নারায়ন রবি, সকালে ব্যারাকপুর গান্ধীঘাটে এক বিশেষ অনুষ্ঠানে মহাত্মা গান্ধীর স্মৃতিস্তম্ভে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। যোগ দেন বিশেষ প্রার্থনা সভায়, উপস্থিত স্কুল পড়ুয়াদের সঙ্গেও কথা বলেন। ছিলেন শ্রম ও পরিবহণমন্ত্রী অর্জুন সিং, তথ্য প্রযুক্তি মন্ত্রী কল্যাণ চক্রবর্তী, মুখ্যসচিব মনোজ আগরওয়াল।

রাজ্যপাল পরে কলকাতার মেয়ো রোডে মহাত্মা গান্ধীর মূর্তিতে'ও শ্রদ্ধার্ঘ্য নিবেদন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA ঘোষণা করেছে , UGC-NET, CSIR-NET এবং ICAR, AIEEA (PG) ও AICE (PhD) ২০২৬-এর সাময়িক উত্তরপত্র বা provisional answer keys আগামীকাল প্রকাশ করা হবে। পরীক্ষা ও উত্তরপত্র সংক্রান্ত বিষয়ে শুধুমাত্র সংস্থার অফিসিয়াল বা আনুষ্ঠানিক তথ্যের ওপর নির্ভর করার জন্য এনটিএ পরীক্ষার্থীদের পরামর্শ দিয়েছে।

উল্লেখ্য, ৮৭টি বিষয়ে আয়োজিত এই কম্পিউটার-ভিত্তিক পরীক্ষাটি জুনিয়র রিসার্চ ফেলোশিপ JRF, সহকারী অধ্যাপক হিসেবে নিয়োগ এবং সারা দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা নির্ধারণ করে থাকে।

০০০০০০০০০০০০০০০০০

ইন্দোনেশিয়ার ফ্লোরেস অঞ্চলে আজ ভোরে ৭ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পে কমপক্ষে ২০ জন নিহত হয়েছেন। ঘটনা স্থলে বহু বাড়ি ভেঙে পড়েছে। এছাড়াও ভূমি ধ্বসে প্রবলখয় ক্ষতির ঘটনা ঘটেছে। ভূমিকম্পের পরেই পূর্ব ও পশ্চিম নুসা টেঙ্গারা এবং সুলাওয়েসি প্রদেশে সুনামির সত্রকতা জারি করা হয়েছে। বিভিন্ন স্থানে বিদ্যুৎ সরবরাহ এবং যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় ত্রাণ ও উদ্ধারের কাজ বিঘ্নিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ লেবাননে আজ সকালে ইজরায়েলই বিমান হামলায় ৭ জন নিহত এবং ৩ জন আহত হয়েছেন। ২৬-শে জুন, দুই পক্ষের মধ্যে একটি ফ্রেমওয়ার্ক চুক্তি হওয়ার পর এই প্রথম ইজরায়েল লেরবাননে এতবড় হামলা চালাল। ঘটনাস্থলে উদ্ধারকারী বাহিনী ধ্বংসস্তূপ সরিয়ে আহত ও নিহতদের খোঁজে অনুসন্ধান চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লং আইল্যান্ডের এক জনসভায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন,, ইরানের দুর্বল হয়ে পড়া সামরিক বাহিনীর প্রায়-পরাজয়ের মুখোমুখি। এই পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র শীঘ্রই হরমুজ প্রণালীকে আনুষ্ঠানিকভাবে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করবে। এর আগে ট্রাম্প দাবি করেছিলেন যে হরমুজ প্রণালীর ওপর যুক্তরাষ্ট্রের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে এবং কৌশলগত এই জলপথটি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে ইরানের সাথে আলোচনা থমকে থাকা সত্ত্বেও তিনি এই নিয়ন্ত্রণ বজায় রাখবেন। ট্রাম্প এদিনও জোর দিয়ে বলেন, হরমুজ প্রণালীর ওপর যুক্তরাষ্ট্রের পূর্ণ নিয়ন্ত্রণ রয়েছে। ইরান তাঁর দাবি প্রত্যাখ্যান করে জানায়, হরমুজড প্রণালী এখনও অবরুদ্ধ রয়েছে। তেহরানের শর্তাবলি মেনে না নেওয়া পর্যন্ত তা খোলা হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০

গলে আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে দুই ম্যাচের সিরিজের প্রথম টেস্টে ভারত, শ্রীলঙ্কার বিরুদ্ধে টসে জিতে প্রথম ব্যাট করার সিদ্ধান্ত নেয়। বৃষ্টির জন্য এখন খেলা স্থগিত রয়েছে। সর্বশেষ পাওয়া খবর অনুযায়ী, ভারত ২৭ ওভারে ১ উইকেটে ১০১ রান করেছে। খেলা শুরু হওয়ার আগে অধিনায়ক শুভমন গিল মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০